# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬১৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَاب أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُحَمَّدِ بْنِ أَحْمَدَ بْنِ الْجُنَيْدِ ، نَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا جَرِيرٌ ، عَنْ مَنْصُورٍ ، عَنْ أَبِي هَاشِمٍ ـ فِيمَا أَرَى ـ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، قَالَ : كَانَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي بِالنَّاسِ صَلَاةَ الْفَجْرِ أَوْ بَعْضَ صَلَاةِ اللَّيْلِ ، وَكَانَ فِي الْمَسْجِدِ بِئْرٌ ، وَكَانَ رَجُلٌ فِي بَصَرِهِ ضُرٌّ ؛ فَوَقَعَ فِيهَا ؛ فَضَحِكَ النَّاسُ ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ ، قَالَ " مِمَّ ضَحِكْتُمْ " . فَأَخْبَرُوهُ . فَقَالَ " مَنْ ضَحِكَ فَلْيُعِدِ الْوُضُوءَ وَالصَّلَاةَ

বাংলা

৬১৫(৩৯). আহমাদ ইবনুল হুসাইন ইবনে মুহাম্মাদ ইবনে আহমাদ ইবনুল জুনাইদ (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে ফজরের নামায অথবা রাতের কোন নামায পড়ছিলেন। মসজিদের ভেতরে একটি কূপ ছিল। এক ব্যক্তির দৃষ্টিশক্তি ত্রুটিপূর্ণ ছিল। সে তাতে পড়ে গেলে লোকজন হেসে দিলো। তিনি নামাযশেষে বললেনঃ তোমরা কেন হাসলে? তারা তাঁকে (হাসির কারণ) অবহিত করলো। তিনি বললেনঃ যে ব্যক্তি হেসেছে সে যেন পুনরায় উযু করে এবং নামায পড়ে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80404

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন